

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭০

১/ বিবিধ

আরবী

إن آدم صلى الله عليه وسلم لما أهبطه الله تعالى إلى الأرض قالت الملائكة: أي رب (أتجعل فيها من يفسد فيها ويسفك الدماء، ونحن نسبح بحمدك ونقدس لك؟ قال: إني أعلم ما لا تعلمون) قالوا: ربنا نحن أطوع لك من بني آدم، قال الله تعالى للملائكة: هلموا ملكين من الملائكة، حتى يهبط بهما الأرض، فننظر كيف يعملان؟ قالوا: ربنا! هاروت وماروت، فأهبطا إلى الأرض، ومثلت لهما الزهرة امرأة من أحسن البشر فجاءتهما فسألاها نفسها فقالت: لا والله حتى تكلمتا بهذه الكلمة من الإشراك، فقالا: والله لا نشرك بالله، فذهبت عنهما ثم رجعت بصبي تحمله فسألاها نفسها قالت: لا والله حتى تقتلا هذا الصبي، فقالا: والله لا نقتله أبدا، فذهبت ثم رجعت بقدر خمر، فسألاها نفسها، قالت: لا والله حتى تشربا هذا الخمر، فشربا فسكر، فوقعا عليها، وقتلا الصبي، فلما أفاقا، قالت المرأة: والله ما تركتما شيئا مما أبيتما علي إلا قد فعلتما حين سكرتما، فخيراً بين عذاب الدنيا والآخرة، فاختارا عذاب الدنيا باطل مرفوعاً

أخرجه ابن حبان (717 - موارد) وأحمد (2 / 134 ورقم 6178 - طبع شاكر) وعبد بن حميد في "المنتخب" (ق 86 / 1) وابن أبي الدنيا في "العقوبات" (ق 75 / 2) والبزار (2938 - الكشف) وابن السني في "عمل اليوم والليلة" (651) من طريق زهير بن محمد عن موسى بن جبير عن نافع مولى ابن عمر عن عبد الله بن عمر أنه سمع نبي الله صلى الله عليه وسلم يقول: فذكره

وقال البزار: رواه بعضهم عن نافع عن ابن عمر موقوفا وإنما أتى رفع هذا عندي من زهير لأنه لم يكن بالحافظ

قلت: والموقوف صحيح كما يأتي وقال الحافظ ابن كثير في تفسيره " (1 / 254) : وهذا حديث غريب من هذا الوجه، ورجاله كلهم ثقات من رجال " الصحيحين " إلا موسى بن جبير هذا هو الأنصاري.... ذكره ابن أبي حاتم في " كتاب الجرح والتعديل " (4 / 1 / 139) ولم يحك فيه شيئا من هذا ولا هذا، فهو مستور الحال، وقد تفرد به عن نافع

وذكره ابن حبان في " الثقات " (7 / 451) ولكنه قال: وكان يخطيء ويخالف قلت: واغتر به الهيثمي فقال في " المجمع " (5 / 68) بعد ما عزى الحديث لأحمد والبزار: ورجاله رجال الصحيح خلا موسى بن جبير وهو ثقة قلت: لو أن ابن حبان أورده في كتابه ساكتا عليه كما هو غالب عادته لما جاز الاعتماد عليه لما عرف عنه من التساهل في التوثيق فكيف وهو قد وصفه بقوله يخطيء ويخالف وليت شعري من كان هذا وصفه فكيف يكون ثقة ويخرج حديثه في " الصحيح "؟

قلت: ولذلك قال الحافظ ابن حجر في موسى هذا: إنه مستور، ثم إن الراوي عنه زهير بن محمد وإن كان من رجال " الصحيحين " ففي حفظه كلام كثير ضعفه من أجله جماعة، وقد عرفت أنفا قول البزار فيه أنه لم يكن بالحافظ

وقال أبو حاتم في " الجرح والتعديل " (1 / 2 / 590) : محله الصدق، وفي حفظه سوء، وكان حديثه بالشام أنكر من حديثه بالعراق لسوء حفظه، فما حدث من كتبه فهو صالح، وما حدث من حفظه ففيه أغاليط

قلت: ومن أين لنا أن نعلم إذا كان حدث بهذا الحديث من كتابه، أو من حفظه؟ ففي هذه الحالة يتوقف عن قبول حديثه، هذا إن سلم من شيخه المستور، وقد تابعه مستور مثله، أخرجه ابن منده كما في ابن كثير من طريق سعيد بن سلمة حدثنا موسى ابن سرجس عن نافع به بطوله

سكت عن علقه ابن كثير ولكنه قال: غريب، أي ضعيف، وفي "التقريب" موسى بن سرجس مستور

قلت: ولا يبعد أن يكون هو الأول، اختلف الرواة في اسم أبيه، فسماه بعضهم جبيرا، وبعضهم سرجسا، وكلاهما حجازي، والله أعلم

ثم قال الحافظ ابن كثير: وأقرب ما يكون في هذا أنه من رواية عبد الله بن عمر عن كعب الأحبار، لا عن النبي صلى الله عليه وسلم، كما قال عبد الرزاق في "تفسيره":
عن الثوري عن موسى بن عقبة عن سالم عن ابن عمر عن كعب الأحبار قال: ذكرت الملائكة أعمال بني آدم وما يأتون من الذنوب ف قيل لهم: اختاروا منكم اثنين،

فاختاروا هاروت وماروت ... إلخ، رواه ابن جرير من طريقين عن عبد الرزاق به، ورواه ابن أبي حاتم عن أحمد بن عصام عن مؤمل عن سفيان الثوري به، ورواه ابن جرير أيضا حدثني المثنى أخبرنا المعلى وهو ابن أسد أخبرنا عبد العزيز بن المختار عن موسى بن عقبة حدثني سالم أنه سمع عبد الله يحدث عن كعب الأحبار فذكره، فهذا أصح وأثبت إلى عبد الله بن عمر من الإسنادين المتقدمين، وسالم أثبت في أبيه من موله نافع، فدار الحديث ورجع إلى نقل كعب الأحبار عن كتب بني إسرائيل،

وعلق عليه الشيخ رشيد رضا رحمه الله بقوله: من المحقق أن هذه القصة لم تذكر في كتبهم المقدسة، فإن لم تكن وضعت في زمن روايتها فهي في كتبهم الخرافية، ورحم الله ابن كثير الذي بين لنا أن الحكاية خرافة إسرائيلية وأن الحديث المرفوع لا يثبت قلت: وقد استنكره جماعة من الأئمة المتقدمين، فقد روى حنبل الحديث من طريق أحمد ثم قال: قال أبو عبد الله (يعني الإمام أحمد): هذا منكر، وإنما يروى عن كعب، ذكره في "منتخب ابن قدامة" (11 / 213)، وقال ابن أبي حاتم في "العلل" (2 / 69 - 70): سألت أبي عن هذا الحديث؟ فقال: هذا حديث منكر

قلت: ومما يؤيد بطلان رفع الحديث من طريق ابن عمر أن سعيد بن جبير ومجاهدا روياه عن ابن عمر موقوفا عليه كما في "الدر المنثور" للسيوطي (1 / 97 - 98) وقال ابن كثير في طريق مجاهد: وهذا إسناد جيد إلى عبد الله بن عمر، ثم هو - والله

أعلم - من رواية ابن عمر عن كعب كما تقدم بيانه من رواية سالم عن أبيه، ومن ذلك أن فيه وصف الملكين بأنهما عصيا الله تبارك وتعالى بأنواع من المعاصي على خلاف وصف الله تعالى لعموم ملائكته في قوله عز وجل: (لا يعصون الله ما أمرهم ويفعلون ما يؤمرون)

وقد رويت فتنة الملكين في أحاديث أخرى ثلاثة، سيأتي الكلام عليها في المجلد الثاني رقم (910 و912 و913) إن شاء الله تعالى

বাংলা

১৭০। আল্লাহ্ তা'আলা যখন আদম (আঃ) কে যমীনে নামিয়ে দিলেন, ফেরেশতারা বললেনঃ হে প্রভু! আপনি যমীনে এমন লোক সৃষ্টি করবেন যারা ফ্যাসাদ করবে ও রক্তারক্তি করবে- এমতাবস্থায় যে আমরা আপনার প্রশংসার সাথে তাসবীহ পাঠ করছি এবং আপনার পবিত্রতা বর্ণনা করছি। আল্লাহ্ বললেনঃ আমি যা জানি তোমরা তা জান না। তারা বললঃ হে প্রতিপালক! আমরা আদম সন্তানদের চেয়ে তোমার জন্য বেশী আনুগত্যশীল। আল্লাহ্ তা'আলা ফেরেশতাদের উদ্দেশ্যে বললেনঃ ফেরেশতাদের মধ্য হতে দু'জন ফেরেশতাকে নিয়ে আস, তাদের দু'জনকে যমীনে প্রেরণ করা হবে। অতঃপর আমরা দেখব তারা কেমন আমল করে। তারা বলল হে আমাদের রব! হারুত ও মারুত। অতঃপর তাদের দু'জনকে পৃথিবীতে প্রেরণ করা হল।

তাদের দু'জনের সম্মুখে মানবকুলের সর্বাপেক্ষা সুন্দরী রমণী হিসাবে যুহরাকে দাঁড় করানো হলো। সে তাদের দু'জনের নিকট আসল। অতঃপর তারা দু'জনে তার নিকট তাকে চাইল। সে বললঃ আল্লাহ্র কসম তা হবে না যতক্ষণ পর্যন্ত আল্লাহ্র সাথে অংশীদার স্থাপনের উক্তি না করবে। তারা দু'জনে বললঃ আল্লাহ্র কসম আমরা আল্লাহ্র সাথে শির্ক করতে পারব না। অতঃপর সে তাদের দু'জনের নিকট হতে চলে গেল। তারপর একটি শিশুকে বহন করে পুনরায় আসল।

তারা দু'জনে তাকে পাবার জন্য চাইল। সে বললঃ আল্লাহ্র কসম তা হবে না যতক্ষণ পর্যন্ত তোমরা দু'জনে এ শিশুটিকে হত্যা না করবে। তারা বলল আল্লাহ্র কসম আমরা তাকে কখনও হত্যা করব না। সে চলে গেল। তারপর এক পিয়াল মদ নিয়ে পুনরায় আসল। অতঃপর তারা দু'জনে তাকে চাইল। কিন্তু সে বলল আল্লাহ্র কসম তা হবে না যতক্ষণ পর্যন্ত এ মদ পান না করবে। এরপর তারা দু'জনে মদ পান করে মাতাল হয়ে গেল। অতঃপর সেই রমণীর সাথে দু'জনে যেনায় লিগু হল, শিশুটিকে হত্যা করল।

অতঃপর যখন জ্ঞান ফিরে আসল, তখন রমণীটি বললঃ আল্লাহ্র কসম তোমরা দু'জনে যখন মদ পান করে মাতাল হয়ে গেলে তখন আমার নিকট যে সব কর্ম করতে অস্বীকার করেছিলে সে সব কর্ম করা হতে কিছুই ছাড়লে না। অতঃপর তাদের দু'জনকে দুনিয়া ও আখেরাতের শাস্তির মধ্য হতে একটি শাস্তি গ্রহন করার জন্য স্বাধীনতা দেয়া হল। তারা দু'জনে দুনিয়ার শাস্তি পছন্দ করল।

মারফু' হিসাবে হাদিসটি বাতিল।

এটিকে ইবনু হিব্বান, আহমাদ, আব্দু ইবনে হামীদ, ইবনু আবিদ-দুনিয়া, বাযযার, ইবনুস সুনী যুহায়ের ইবনু মুহাম্মাদ সূত্রে মূসা ইবনু যুবায়ের হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি মওকুফ হিসাবে সহীহ, যার বিবরণ কিছু পরেই আসবে। ইবনু কাসীর তার “আত-তাফসীর” গ্রন্থে (১/২৫৪) বলেনঃ মূসা ইবনু যুবায়ের হাছেন আনসারী। তাকে ইবনু আবী হাতিম “আল-জারহ ওয়াত তা’দীল” গ্রন্থে (৪/১/১৩৯) উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। তার অবস্থা অস্পষ্ট (মাসতুরুল হাল)। তিনি এককভাবে নাফে হতে বর্ণনা করেছেন। ইবনু হিব্বান তাকে “আস-সিকাত” গ্রন্থে উল্লেখ করেছেন, কিন্তু বলেছেনঃ **كان يخطيء ويخالف** তিনি ভুল করতেন এবং অন্যের বিরোধিতা করতেন।

ইবনু হিব্বান যদি কোন বর্ণনাকারীর ব্যাপারে চুপ থাকেন তাহলে তার উপর নির্ভর করা যায় না। তিনি নরমপন্থীদের অন্তর্ভুক্ত হওয়ার কারণে। অথচ এখানে তিনি বলেছেনঃ তিনি ভুল করতেন এবং বিরোধিতা করতেন। এছাড়া যুহায়ের ইবনু মুহাম্মাদ সহীহাইনের বর্ণনাকারী হওয়া সত্ত্বেও তার হেফযের ব্যাপারে বহু কথা আছে। এ কারণেই তাকে একদল দুর্বল আখ্যা দিয়েছেন। বাযযার তার সম্পর্কে বলেনঃ তিনি হাফিয ছিলেন না।

তার সম্পর্কে ইবনু আবী হাতিম “আল-জারহ ওয়াত তা’দীল” গ্রন্থে (১/২/৫৯০) বলেনঃ তার হেফযে ত্রুটি থাকার কারণে তিনি যে হাদীস শাম দেশে বলেছেন সেটি ইরাকে অস্বীকার করেছেন। ফলে তিনি তার কিতাব হতে যা বর্ণনা করেছেন তা সহীহ আর তার হেফয হতে যা বর্ণনা করেছেন তাতে ভুল করেছেন।

ইবনু কাসীর বিবরণ দিয়েছেন যে, এ ঘটনাটি ইসরাইলীদের বানোয়াট ঘটনা। মারফু হাদীস হিসাবে সাব্যস্ত হয়নি। এটি কা’যাব আল-আহবার হতে আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ) সূত্রে বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ একদল পূর্ববর্তী ইমাম এ হাদীসটিকে মুনকার হিসাবে চিহ্নিত করেছেন। ইমাম আহমাদ বলেনঃ এটি মুনকার, এটি কা’যাব হতে বর্ণনা করা হয়ে থাকে। ইবনু আবী হাতিম বলেনঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি উত্তরে বলেনঃ এটি মুনকার হাদীস।

আমি (আলবানী) বলছিঃ এটি মারফু' হিসাবে বাতিল হওয়ার প্রমাণ এই যে, এটিকে ইবনু উমার (রাঃ) হতে সাঈদ ইবনু যুবায়ের এবং মুজাহিদ মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। যেমনভাবে সুয়ুতীর “দুররুল মানসূর” গ্রন্থে (১/৯৭-৯৮) এসেছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67928>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন